



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।



www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৬৪৫৬/০৬

তারিখ: ০ ৬ এপ্রিল ২০২৩খ্রি.

বিষয়: প্রত্যেক শিক্ষার্থীদের স্কাউট প্রশিক্ষণ প্রসঙ্গে।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয় পত্রসংখ্যা-০৩.০৭৪.৩৭.০৫৩.০০.০২১.২০১৬-৪৮, তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৩খ্রি।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.৩২.০০১.১৭.৮৫, তারিখ: ২৭ মার্চ ২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৫/০১/২০২৩খ্রি. তারিখে গাজীপুরের মৌচাকে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে ৩২তম এশিয়া প্যাসিফিক এবং ১১তম জাতীয় স্কাউট জাম্বুরী ২০২৩এর সমাপনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নিম্নবর্ণিত প্রতিশ্রুতি/নির্দেশনা প্রদান করা হয়:

- (ক) সরকার প্রতিটি উপজেলা ও জেলার স্কাউট ভবন ও প্রশিক্ষণ ভবন ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করবে।
- (খ) দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে দুটি করে স্কাউট দল বা রোভার গঠন করার নির্দেশ দেওয়া হয়েছে।
- (গ) ছেলেদের পাশাপাশি গার্ল স্কাউট বা মাদ্রাসাসমূহে স্কাউট যেন গঠন করা হয় সে বিষয়ে কাজ করতে হবে সকলকে।
- (ঘ) প্রতিটি শিক্ষার্থী যেন স্কাউট প্রশিক্ষণ পায়।

এমতাবস্থায়, গাজীপুর মৌচাকের জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে ৩২তম এশিয়া প্যাসিফিক এবং ১১তম জাতীয় স্কাউট জাম্বুরী ২০২৩এর সমাপনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উল্লিখিত প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য তঁর আওতাধীন সকল অফিস এবং শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনাসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপপরিচালক (আঞ্চলিক)
জেলা শিক্ষা অফিসার (সকল)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

(মো: আক্তারুজ্জামান ভূঞা)
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন : ০২-৪১০৫০৪৪৮।

সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ০৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, কাকরাইল, ঢাকা।
- ০৪। উপসচিব, সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপপরিচালক (সা:প্র:/মাধ্যমিক/বিশেষ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ০৬। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, কাকরাইল, ঢাকা।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ০৮। সংরক্ষণ নথি।